

প্রয়োজনীয় তথ্যপ্রদানের মাধ্যমে অ্যাকাউন্ট তৈরি করে অনলাইন কেন্দ্রিক

## মহাস ম্য্য হাই চিম






শাওন অনলাইন ভিত্তক সেবাদানকারী অ্যাপে অ্যাকাউন্ট তৈরি করার প্রক্রিয়াটা আমাকে একটু বলতে পারবি?

ঠিক আছে


বল।

এসব অ্যাপ ব্যবহারের জন্য সাধারণত একটি অ্যাকাউন্ট থাকতে হয় যা ফেইসবুক অথবা জিমেইল অ্যাকাউন্টের সাহায্যে খুব সহজেই তৈরি করা যায়।

পারবো



আমাকে প্রক্রিয়াটা বল। শোনো, ভাইয়া রকমারি একটি অনলাইন বুক স্টোর। আজ রকমারিতে অ্যাকাউন্ট তৈরি করার ধাপগুলো বলছি। তাহলে তুমি সহজে অন্যগুলোও পারবে।



## প্রথমে মোবাইলে রকমারি অ্যাপটি ইনস্টল করতে হবে।

ইন্সটল করার পর হোমপেইজের উপরে বাম কোণায় 'তিন রেখা' বিশিষ্ট মেন্যু অপশন দেখতে পাবে। সেখানে প্রবেশ করতে হবে।

মেন্যুতে প্রবেশের পরে সবার উপরে 'সাইন আপ" বাটনে ক্লিক করবে।

নতুন অ্যাকাউন্ট তৈরি করার জন্য Register Now! সিলেক্ট করতে হবে।

এবার পরবর্তী পেইজে Name, Email, Mobile No, Password, Confirm Password – এই বক্সগুলো দেখা যাবে। সকল তথ্য সঠিকভাবে প্রদান করে বক্সগুলো পুরণ করবে।

এরপরে Sign Up বাটনটি ক্লিক করবে। এরই মাধ্যমে রকমারিতে তোমার অ্যাকাউন্ট তৈরি হয়ে যাবে। দারুণ। কিন্তু কখনো অ্যাকাউন্ট থেকে সাইন আউট করার প্রয়োজন হতে পারে। আবার ভিন্ন একটি ফোনেও বিশেষ প্রয়োজনে লগ ইন করার প্রয়োজন দেখা দিতে পারে। তখন কী করবো?

এমন পরিস্থিতিতে সাইন ইন করার জন্য রকমারি অ্যাপ চালু করে উপরে বাম কোণায় 'তিন রেখা' বিশিষ্ট মেন্যু অপশনে প্রবেশ করবে।

সবার উপরে "সাইন ইন | সাইন আপ" অপশনে প্রবেশ করবে।

পরবর্তী ধাপে প্রদর্শিত পেইজে ইমেইল ও পাসওয়ার্ড বক্সে তোমার অ্যাকাউন্টের ইমেইল এবং পাসওয়ার্ড প্রদান করে "সাইন ইন" এ ক্লিক করলেই তোমার অ্যাকাউন্টে প্রবেশ করতে পারবে।



এখন বল রকমারি অ্যাকাউন্ট থেকে পছন্দমত বই অর্ডার করার জন্য কী করতে হবে?

> খুবই সহজ। অ্যাপের হোমপেইজ থেকে সার্চ অপশন সিলেক্ট করবে।

তারপর সার্চবক্সে তোমার পছন্দের বইটির নাম লিখে খোঁজ করবে।



খোঁজ করা নামের ভিত্তিতে সকল বইয়ের তালিকা সামনে আসবে।

এই তালিকা থেকে তুমি এক বা একাধিক বইয়ের উপর ট্যাপ করে Add to cart বাটনে চাপলে সেগুলো তোমার কার্টে যুক্ত হবে।

এবার Go to cart অপশনে ক্লিক করে সেখান থেকে Go to address পেইজে যাবে।

## এই পেইজে তোমার ঠিকানা সঠিকভাবে দিবে।



ঠিকানা দেওয়ার পর Payment Method অংশে পছন্দমত মূল্য পরিশোধের পদ্ধতি সিলেক্ট করবে।

এবার Confirm order বাটনে ক্লিক করলেই তোমার অর্ডার প্লেস করার প্রক্রিয়া শেষ হবে।

Track order page এর মাধ্যমে অর্ডারটি কোন অবস্থায় আছে এবং কবে নাগাদ এটি ডেলিভারি পাবে তা দেখা যাবে।

